গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা
E-mail: principal@bbggc.gov.bd, principalbbggc1948@gmail.com, www.bbggc.gov.bd
**College Code : 1400,EIIN No. 108155**

তারিখ: ০৭/০৪/২০২৫ খ্রি.

# নোটিশ

বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজের সকল শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক গ্রন্থপাঠ কার্যক্রম অনুষ্ঠানের আয়োজন করা হবে। উক্ত গ্রন্থপাঠ কার্যক্রমে উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের মধ্য থেকে ১০০জন এবং স্নাতক-স্নাতকোত্তর শ্রেণির শিক্ষার্থীদের মধ্য থেকে ১০০ জনসহ মোট ২০০জন শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারবে। উক্ত কার্যক্রমে অংশগ্রহণের লক্ষ্যে উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীরা তাদের নাম, শ্রেণি, রোল, বিভাগ এবং মোবাইল নম্বরসহ আগামী ০৯/০৪/২০২৫ তারিখ বেলা ১২:০০টার মধ্যে জনাব মাহজাবীন মুশতারী, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ-এর নিকট নাম জমা দিবে এবং স্নাতক- স্নাতকোত্তর শ্রেণির শিক্ষার্থীদের মধ্য থেকে প্রতি বিভাগ থেকে ০৫ জন শিক্ষার্থীর নাম, শ্রেণি, বিভাগ, বিষয়, রোল ও মোবাইল নম্বরসহ কম্পোজ করে আগামী ০৯/০৪/২০২৫ তারিখ বেলা ১২:০০টার মধ্যে জনাব মোছাঃ সেলিনা ফেরদৌস, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ-এর নিকট জমা দেয়ার জন্য বলা হলো।

বি.দ্রঃ আগামী ১০/০৪/২০২৫ তারিখ গ্রন্থপাঠ কার্যক্রমের লক্ষ্যে শিক্ষার্থীদের কাছে নির্দিষ্ট বই প্রদান করা হবে। যে সকল শিক্ষার্থী নাম জমা দিবে সেসকল শিক্ষার্থী উক্ত তারিখ সকাল ১১:০০টায় কলেজ অডিটোরিয়ামে উপস্থিত থাকবে।

০৭.০৪.২০২৫
(প্রফেসর তামান্না বেগম)
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।

# জাতীয় গ্রন্থকেন্দ্র

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৫/সি, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০
ফোন: ২২৩৩৮৫৭৪৩, ২২৩৩৫০৫৮২; ফ্যাক্স:
২২৩৩৫২২১১
ইমেইল: office@jgk.gov.bd
ওয়েব:www.jgk.gov.bd

তারিখ: ২৩ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪৩.২৭.০০০০.০০০.১০৪.২৯.০০০৫.২৩.১৯৩২

**বিষয়: শিক্ষাপ্রতিষ্ঠানভিত্তিক গ্রন্থপাঠ কার্যক্রম আয়োজন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে দেশের ৬টি শিক্ষাপ্রতিষ্ঠানে গ্রন্থপাঠ কার্যক্রম অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা রয়েছে। আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে, আপনার সানুগ্রহ সম্মতির পরিপ্রেক্ষিতে এ কার্যক্রম বাস্তবায়নের জন্য আপনার শিক্ষাপ্রতিষ্ঠানকে মনোনীত করা হয়েছে।

০২। এই কর্মসূচির আওতায় আপনার স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠানের ১৫০-২০০ জন শিক্ষার্থীকে এ-সংশ্লিষ্ট কমিটি কর্তৃক নির্বাচিত একটি গ্রন্থ পাঠের জন্য জাতীয় গ্রন্থকেন্দ্র থেকে সরবরাহ/প্রদান করা হবে। গ্রন্থ সরবরাহ/প্রদানের ৪-৬ সপ্তাহ সময়ের ব্যবধানে পাঠ-উত্তর মূল্যায়নের জন্য অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ১০০ নম্বরের একটি লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় ও জাতীয় গ্রন্থকেন্দ্রের এ-সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দের উপস্থিতিতে লিখিত পরীক্ষা গ্রহণপূর্বক উত্তরপত্র মূল্যায়নের কাজ সম্পন্ন করা হবে। মূল্যায়ন শেষে সর্বোচ্চ নম্বর প্রাপ্তির ভিত্তিতে সেরা ৫ জন শিক্ষার্থীকে বিশেষ পুরস্কার এবং আরও ১৫ জন শিক্ষার্থীকে (ষষ্ঠ হতে ২০তম স্থান অর্জনকারী শিক্ষার্থী) সাধারণ পুরস্কার প্রদান করা হবে। পাঠ-উত্তর মূল্যায়নের পর সুবিধাজনক তারিখ ও সময়ে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানে 'সনদপত্র ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান' আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীদের হাতে সনদ ও পুরস্কার তুলে দেয়ার মধ্য দিয়ে এই কার্যক্রম সমাপ্ত করা হবে।

০৩। এ-সংক্রান্ত কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পাঠ কার্যক্রমের জন্য অংশগ্রহণকারী শিক্ষার্থীদেরকেএকটি গ্রন্থ পাঠের জন্য সরবরাহ এবং লিখিত পরীক্ষার জন্য প্রশ্নপত্র প্রণয়নসহ সনদপত্র ও পুরস্কার প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা জাতীয় গ্রন্থকেন্দ্র গ্রহণ করবে। এছাড়া, পাঠ- কার্যক্রমের গ্রন্থ বিতরণের নিমিত্ত 'উদ্বোধনী অনুষ্ঠান', 'মূল্যায়নের নিমিত্ত লিখিত পরীক্ষা গ্রহণ' এবং 'সনদপত্র ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান' আয়োজন সংক্রান্ত ব্যবস্থাপনার বিষয়সমূহ জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে ও সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃপক্ষের সহযোগিতায় সমন্বিতভাবে সম্পন্ন করা হবে। পাঠ-কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠান 'এপ্রিল ২০২৫' মাসের দ্বিতীয়/তৃতীয় সপ্তাহে এবং 'মূল্যায়নের নিমিত্ত লিখিত পরীক্ষা গ্রহণ' এবং 'সনদপত্র ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান' পরবর্তী ৪-৬ সপ্তাহের ব্যবধানে আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হবে। উল্লেখ্য, জাতীয় গ্রন্থকেন্দ্রের পক্ষে ফিল্ড অফিসার জনাব আফছানা আক্তার (মোবাইল: ০১৭১১-০৯১৬০৮) গ্রন্থপাঠ কার্যক্রমে সমন্বয়কের দায়িত্ব পালন করবেন। পাঠ-কার্যক্রম সংক্রান্ত যেকোনো বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

০৪। উল্লিখিত পাঠ-কার্যক্রম বাস্তবায়নে আপনার প্রতিষ্ঠানের সর্বাত্মক সহযোগিতা কামনা করছি এবং উপর্যুক্ত গ্রন্থপাঠ-কার্যক্রমে আগ্রহী ১৫০ থেকে ২০০ জন শিক্ষার্থীর তালিকা প্রেরণের অনুরোধ জানাচ্ছি।

Afsana Begum

০৬-০৪-২০২৫
আফসানা বেগম
পরিচালক
২২৩৩৮৫৭৪৩ (ফোন)
২২৩৩৫২২১১ (ফ্যাক্স)

অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ
বকশীবাজার, ঢাকা।।

**স্মারক নম্বর:** ৪৩.২৭.০০০০.০০০.১০৪.২৯.০০০৫.২৩.১৯৩২/১ (৩)

তারিখ: ২৩ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ